

এআইইউবিতে অনুষ্ঠিত হলো ডিসকভার ইংলিশ

প্রেস রিলিজ

৮ ডিসেম্বর ২০২২ ০৬:৩৪ পিএম | আপডেট: ৮ ডিসেম্বর ২০২২

০৬:৩৪ পিএম

10
Shares



বেঙ্গল **উষ্ণ চুমুকে জামজামাট বিশ্বকাপ**



advertisement

আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশ (এআইইউবি) এবং টিসল সোসাইটি অব বাংলাদেশ-এর সহযোগিতায় 'ডিসকভার ইংলিশ ২০২২: স্টুডেন্টস কনফারেন্স অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড লিটারেচার' শীর্ষক কনফারেন্স এআইইউবি ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার অনুষ্ঠিত হলো এই কনফারেন্স।

এই কনফারেন্সের মূল থিম ছিল 'এ কনফারেন্স বাই দ্যা স্টুডেন্টস অ্যান্ড ফর দ্যা স্টুডেন্টস!' এই কনফারেন্সে সারাদেশের ২৪টি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ইংরেজি ভাষা ও সাহিত্যের বিএ, এমএ এবং এমফিল এর শিক্ষার্থীদের মোট ১২৬টি গবেষণামূলক প্রবন্ধ উপস্থাপন করা হয়।

advertisement

উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডেজুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. বিশ্বজিৎ চন্দ্ৰ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মূল্যবান বক্তব্য দেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন এআইইউবি'র ইংরেজি বিভাগীয় প্রধান সিনিয়র সহকারী প্রফেসর এম হামিদুল হক। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন ব্র্যাক ইউনিভার্সিটি'র ব্র্যাক ইনসিটিউট অব ল্যাঙ্গুয়েজ (বিআইএল) এর প্রতিষ্ঠাতা ও সিনিয়র পরিচালক লেডি সৈয়দা সারওয়াত আবেদ। এআইইউবি'র প্রো-ভাইস চ্যান্সেলার প্রফেসর ড. মো. আবদুর রহমান এবং কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তাজুল ইসলাম বক্তব্য দেন।

advertisement 4

এ সময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এআইইউবি ট্রাস্ট বোর্ডের সম্মানিত চেয়ারম্যান ইশতিয়াক আবেদীন এবং ভাইস চ্যান্সেলার ড. কারমেন জিটা লামাগনা। উদ্বোধনী অনুষ্ঠানে এআইইউবি এর রেজিস্ট্রারসহ বিভিন্ন অনুষদের ডিন, পরিচালকবৃন্দ, বিভাগীয় প্রধান, শিক্ষক, অংশগ্রহণকারী শিক্ষার্থীবৃন্দসহ সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে মার্কিন যুক্তরাষ্ট্রের পারডু ইউনিভার্সিটির পিএইচডি শিক্ষার্থী মোহাম্মদ শামস উদ দুহা মূল বক্তা হিসাবে বক্তব্য দেন। কনফারেন্সের সমাপনী অনুষ্ঠানে ৪টি ক্যাটাগরীতে শিক্ষার্থীদের ৮টি গবেষণাপত্রকে নির্বাচিত এবং পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে কৃতজ্ঞতাজ্ঞাপন সূচক বক্তব্য দেন কনফারেন্সের আহ্বায়ক ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনসিটিউট এর ইংরেজি ভাষা বিভাগের মাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থী আকিকুর রহমান।

ইংরেজি ভাষা ও সাহিত্যের শিক্ষার্থীদের নেতৃত্বকে উৎসাহিত করা এবং তাদের গবেষণাকে
উপস্থাপন করার জন্য একটি প্ল্যাটফর্ম তৈরীর লক্ষ্যে এই কনফারেন্সটি আয়োজন করা হয়।

10
Shares